তারিখ 18 JUL 1990
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ...

দৈনিক ইত্তেফাক

৩০-

৭২

### এইচএসসি পরীক্ষা

# আরও দেড় হাজার বহিষ্কৃত

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (মঙ্গলবার) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার তৃতীয় দিনে অর্থনীতি, পদার্থ বিদ্যা ও বাণিজ্যনীতির প্রথমপত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে সারাদেশে প্রায় দেড় হাজার পরীক্ষার্থীকে বহিষ্কারের সংবাদ পাওয়া গিয়াছে। রাত ১০টা পর্যন্ত ৪টি বোর্ডের ৫২৩টি কেন্দ্রের মধ্যে ১৪১টি কেন্দ্রের প্রাপ্ত খবরে জানা যায়, মোট ১ হাজার ৪ শত ১৫ জনকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়।

ঢাকা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানা যায়, রাজধানীর ২৩টি কেন্দ্রে বহিষ্কারের তেমন কোন ঘটনা ঘটে নাই। ঢাকা বোর্ডের ১৩২টি কেন্দ্রের ৪০টিতে মোট ৩ শত ৭৫ জনকে বহিষ্কার করা হয়।

রাত সোয়া ৯টায় কুমিল্লা বোর্ড সূত্রে জানা যায়, ১২১টি কেন্দ্রের মধ্যে ৩২টিতে মোট ৫ শত ৫৬ জনকে বহিষ্কার করা হয়। রাত ৯টায় রাজশাহী বোর্ড সূত্রে জানা যায়, ১৪২টি কেন্দ্রের মধ্যে ৪৮টিতে মোট ৩ শত ৪১ জনকে বহিষ্কার করা হয়। রাত সাড়ে ৯টায় যশোর বোর্ড সূত্রে জানা যায়, ১২৮টি কেন্দ্রের মধ্যে ২১টিতে মোট ৪৩ জনকে বহিষ্কার করা হয়।

আমাদের সংবাদদাতাদের খবর: কুমিল্লা জেলার ১০টি কেন্দ্র হইতে মোট ৩৭৮ জন বহিষ্কৃত। দাউদকান্দির হাসানপুর শহীদ নজরুল সরকারী কলেজ কেন্দ্রে ১০৫ জন, নরসিংদীর ৭টি কেন্দ্র হইতে ৩০ জন, নারায়ণগঞ্জের ৮টি কেন্দ্র হইতে ৩৪ জন এবং গাজীপুরের ৮টি কেন্দ্র হইতে, ৩২ জন এবং কিশোরগঞ্জের ৪টি কেন্দ্র হইতে ২২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

চট্টগ্রাম অফিস জানায়, গতকাল এইচ এস সি পরীক্ষায় চট্টগ্রাম শহরের ৩টি কেন্দ্র হইতে ১৪ জন বহিষ্কৃত হয়। ইহাদের মধ্যে চট্টগ্রাম সরকারী কলেজ কেন্দ্রে ১০ জন, কমার্স কলেজ কেন্দ্রে ৩ জন ও মহসীন কলেজ কেন্দ্রে ১ জনকে বহিষ্কার করা হয়। এদিকে রাউজান কলেজ কর্তৃপক্ষ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, গত ১৫ই জুলাই ইংরেজী পরীক্ষার সময় এই কেন্দ্রে কোন হাঙ্গামার ঘটনা ঘটে নাই। যথারীতি সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। তবে ঐদিন পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪০ জনকে বহিষ্কার করা হয়।